



सत्यमेव जयते

**District Magistrate & Collector**  
Purba Bardhaman, West Bengal, Pin-713101  
Phone No : (Office) : 2662428  
(Residence) : 2625700  
2625702  
Fax : 91-342-2625703  
PBX : 2662408-412 Extn, 100  
e-mail : dm-burd@nic.in

## মুখবন্ধ

জাতীয় সূচনাবিজ্ঞান কেন্দ্র, বর্ধমান কর্তৃক নির্মিত ও পরিপোষিত, বর্ধমান জেলার সরকারী ওয়েবসাইটটিকে আপনাদের নিকট উপস্থাপন করতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। এই ওয়েবসাইটটির ওপর একঝলক চোখ বোলাতে ইচ্ছুক যে কোন ব্যক্তিকেই এই ওয়েবসাইট সম্বন্ধে কিছু তথ্য জানানোর প্রয়োজন আছে। এখানে এই জেলার ইতিহাস, ভূগোল, কৃষিকাজ, প্রশাসনিক গঠন, শিল্প, খনি, পর্যটন, জনগণনা এবং সাধারণভাবে গুরুত্বপূর্ণ অন্যান্য বিষয়ে যথাসম্ভব তথ্যবহুল করতে এবং সাধারণ মানুষের নিকট প্রয়োজনীয় করে তুলতে চেষ্টা করা হয়েছে।

আমরা বিশ্বাস করি যে, জনগণের কল্যানসাধনে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগ সম্পর্কিত তথ্য বিস্তারে, পঞ্চায়েতরাজ ব্যবস্থা ও বিভিন্ন অনুসঙ্গ (লাইন) বিভাগ ও সর্বোপরি জেলা প্রশাসন সম্পর্কিত বিভিন্ন তথ্য জনগণের মধ্যে বিস্তারের ক্ষেত্রে একটি সর্বাধিক গুরুত্বপূর্ণ মাধ্যম হিসাবে কাজ করবে।

প্রশাসনকে আরও স্বচ্ছ করার জন্য জেলা প্রশাসন, পূর্ব বর্ধমান জেলা পরিষদ এবং বর্ধমান উন্নয়ন পর্ষদ কর্তৃক আহূত বিভিন্ন প্রধান দরপত্রগুলিকে (টেন্ডার) আমরা এই ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়াসকে চালিয়ে যাব। সাধারণ মানুষের গোচরে আনার জন্য, বিভিন্ন প্রকল্পে বিভিন্ন নির্বাহী সংস্থাকে যে পরিমাণ অর্থ বরাদ্দকৃত হয়েছে, সে সম্পর্কে বিস্তারিত তথ্য এবং মহাত্মা গান্ধী এন.আর.ই.জি.এস. বাংলার আবাস যোজনা, এম.পি.ল্যাড, বি. ই. ইউ. পি., পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ প্রভৃতির মাধ্যমে গৃহীত বিভিন্ন প্রকল্পের তালিকাও সাধারণ মানুষ ও জনপ্রতিনিধিদের জ্ঞাতার্থে এই সাইটে প্রদর্শিত হবে। নির্বাচন দপ্তরের সমস্ত প্রয়োজনীয় তথ্য ও ম্যাপ এখানে পাওয়া যাবে। সাধারণতঃ বিভিন্ন দপ্তর কর্তৃক প্রদত্ত বিভিন্ন পরিষেবা সংক্রান্ত তথ্য যেমন, সত্যানুসন্ধান সংক্রান্ত রিপোর্টের বর্তমান পরিস্থিতি (পি.ভি.আর.) আমরা এই ওয়েবসাইটে প্রদর্শন করছি। নাগরিকদের প্রয়োজনীয় বিভিন্ন ফর্ম, ড্রাইভিং লাইসেন্সের ফর্ম, নির্বাচনে নথিভুক্তি সংক্রান্ত ফর্ম ইত্যাদিও এই ওয়েবসাইটে দেওয়া থাকছে যাতে নাগরিকগণ প্রয়োজনের সময় এটিকে ডাউনলোড করতে সক্ষম হন।

আমি আশা করি যে এই ওয়েবসাইটটিকে সমাজের সর্বস্তরের জনসাধারণের এবং একইসঙ্গে সরকারি দপ্তরগুলিরও প্রত্যাশা পূরণে সক্ষম হবে। এই ওয়েবসাইটটিকে আরো সমৃদ্ধ করার জন্য এবং এটির আরো সম্প্রসারণের জন্য জেলার সকল ওয়েবসাইট দর্শনকারী ও সরকারী দপ্তরসমূহের সুচিন্তিত মতামত ও গঠনমূলক সমালোচনার প্রত্যাশায় রইলাম।

জেলাশাসক  
পূর্ব বর্ধমান